হামদর্দ পাবলিক কলেজ

(কলেজ কোড: ১১৭০; EIIN: 134209)
হামদর্দ ভবন: ৯৯ বীরউত্তম সি.আর.দত্ত সড়ক, কলাবাগান, ঢাকা-১২০৫
www.hamdardpubliccollege.edu.bd

হোস্টেলের আবাসিক শিক্ষার্থীদের শৃঙ্খলা সম্পর্কিত অবশ্য পালনীয় নিয়মাবলি

০১। হোস্টেলে মোবাইল ফোন ব্যবহার সম্পুর্ণ নিষিদ্ধ। কোন শিক্ষার্থীর নিকট মোবাইল ফোন পাওয়া গেলে তাৎক্ষণিক উহা ধ্বংস/পানিতে ডুবিয়ে নষ্ট করা হবে অথবা শিক্ষার্থীর সিট বাতিল করা হবে।

০২। হোস্টেলের ভিতরে ধূমপান, মাদকদ্রব্য সেবন কিংবা সংরক্ষণ, কোন নিষিদ্ধ বস্তু এবং কোন ধরনের ডিভাইস রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। কোন কক্ষে উল্লিখিত বিষয়গুলি পাওয়া গেলে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে অথবা কক্ষের সকলেই তার জন্য দায়ী থাকবে এবং তাৎক্ষণিক সিট বাতিল হবে। হোস্টেলের ভিতরে তাস, লুডু, দাবা বা অনলাইন গেমস বা অন্য কোন ধরনের গেমস খেলা যাবে না।

০৩। হোস্টেলের কোন সম্পত্তি নষ্ট বা ক্ষতিসাধন করলে সংশ্লিষ্ট ছাত্রকে বা তার অভিবাবককে অবশ্যই ক্ষতিপূরণ করতে হবে।

০৪। সপ্তাহে ০১ দিন (শুক্রবার) সকাল ১১.০০ টা থেকে দুপুর ০২.০০ টা পর্যন্ত ব্যাক্তিগত প্রয়োজন, কেনা-কাটা এবং জুমআর নামাজের জন্য সাময়িক ছুটি থাকবে। অন্য যে কোন একদিন অতি জরুরী প্রয়োজনে সাময়িক ছুটি বিবেচনা করা যেতে পারে।

০৫। হোস্টেলের কর্মকর্তা, কর্মচারি, বাবুর্চি, পিয়ন এবং সিকিউরিটি গার্ডদের সাথে কোন ধরনের খারাপ আচরণ করা যাবে না। যদি কোন শিক্ষার্থীর বিরুদ্ধে এই ধরনের কোন অভিযোগ পাওয়া যায় এবং সত্যতা মিলে তবে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। সকালের নাস্তা, দুপুরের খাবার এবং রাতের খাবারের জন্য যে সময় নির্ধারিত থাকবে সেই মোতাবেক খাবার গ্রহণ করতে হবে। নির্ধারিত সময়ের পরে খাবার সরবরাহ করা হবে না।

০৭। শিক্ষার্থীদের স্বাস্থ্যের কথা বিবেচনা করে হোস্টেলের তিন বেলার খাবার ম্যেনু ঠিক করা হয়েছে। ম্যেনু মোতাবেক খাবার সরবরাহ করা হবে এবং তা গ্রহণ করতে হবে। খাবার নিয়ে কোন ধরনের নেতিবাচক মন্তব্য করা যাবে না। ভালো কোন পরামর্শ থাকলে তা ভদ্রোচিতভাবে হোস্টেল সুপারদের সাথে বলতে পারবে। বিশেষ প্রয়োজনে যে কোন সময় কর্তৃপক্ষ খাবার ম্যেনু পরিবর্তন করতে পারবে। তা নিয়ে কোন প্রশ্ন করা যাবে না।

০৮। বৈধ অভিভাবক ব্যাতিত অন্য কাউকে হোস্টেলে নিয়ে আসা যাবে না। অভিভাবকের সাথে অভ্যর্থনা কক্ষে বসে কথা বলতে হবে। হোস্টেলের বেডে নিয়ে যাওয়া যাবে না। হোস্টেলে কোন বন্ধু-বান্ধব, বাবা-মা, আত্মীয়-স্বজন এবং কোন বহিরাগতকে রাত্রিযাপন করতে দেয়া যাবে না এবং বিনা অনুমতিতে হোস্টেলের খাবার দেয়া যাবে না। ।

০৯। ডাইনিং হলে বসে খাবার খেতে হবে। খাবার বেডে নিয়ে আসা যাবে না। একজনের খাবার অন্যজন সংগ্রহ করতে পারবে না।

১০। লাইনে দাড়িয়ে সুশৃঙ্খলভাবে খাবার সংগ্রহ করতে হবে। খাবার সংগ্রহে অন্যদেরকে অগ্রাধিকার দেয়া শোভনীয় এবং ভদ্রোচিত আচরণের লক্ষণ।

১১। মাগরিবের নামাজের পর পরই এটেনডেন্স দিতে হবে। এই সময় সবাইকে নির্দিষ্ট জায়গায় উপস্থিত থাকতে হবে। অনুপস্থিতির জন্য নির্দিষ্ট হারে জরিমানা দিতে হবে।

১২। নিজ নিজ বিছানাপত্র পরিষ্কার-পরিচ্ছন্ন এবং গুছিয়ে রাখতে হবে। বইপত্র, খাতাপত্র এবং ব্যবহৃত পোশাক যেখানে সেখানে রাখা যাবে না। পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য শিক্ষার্থীকে প্রতিমাসে পুরস্কৃত করা হবে।

১৩। নাইটস্টাডি ক্লাসে সংশ্লিষ্ট বিষয়ের দুর্বল শিক্ষার্থীকে অংশগ্রহণ করা বাধ্যতামূলক। অনুপস্থিতির জন্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। কোন বিষয়ে দুই বা ততোধিক শিক্ষার্থী ঝগড়া/মারামারিতে জড়ালে দুই জনকেই/দুই পক্ষকেই তাৎক্ষণিক কলেজ থেকে বহিষ্কার করা হবে।

১৫। হোস্টেলের ভিতরে দেয়ালে, টেবিল, চেয়ার বেঞ্চ ইত্যাদিতে কোন ধরনের দাগ বা লেখালেখি করা যাবে না। যদি কারো কক্ষে কোন লেখা বা দাগ পাওয়া যায় তবে সেই দাগ মোছার জন্য যে খরচ হবে তা সংশ্লিষ্ট শিক্ষার্থীর/ শিক্ষার্থীদের নিকট থেকে আদায় করা হবে। আপত্তিকর কোন লেখার জন্য কক্ষের সবাইকে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ।

১৬। হোস্টেলে কারো জন্মদিন পালন করা যাবে না। অন্য যে কোন উৎসব পালন করতে হলে অধ্যক্ষ/উপাধ্যক্ষ/হোস্টেল সুপারদের অনুমোদন লাগবে।

১৭। মাঝে মাঝে সরকারি ছুটিগুলিতে হোস্টেলে অবস্থান করে বিগত দিনের পড়া রিভিশন করার জন্য পরিকল্পনা করতে হবে এবং সেই মোতাবেক সকালের নাস্তা যথারীতি সম্পন্ন করে নিচের বরাদ্দকৃত কক্ষে বসে পড়তে হবে। হোস্টেলের গেট নিয়মানুযায়ী বন্ধ হবে এবং খোলা হবে।

১৮। যে শিক্ষার্থীর জন্য যে কক্ষ বরাদ্ধ করা আছে সেই কক্ষ থেকে বের হয়ে অন্য কক্ষে প্রবেশ করা যাবে না এবং নিজের কক্ষেও অন্য কাউকে ডিস্টার্ব করা যাবে না। অন্যের লেখাপড়ায় ডিস্টার্ব করে এমন শিক্ষার্থীর বিরুদ্ধে কঠিন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯। হোস্টেলে কোন কাপড় ইস্ত্রি করা যাবে না এবং গরম পানির প্রয়োজন হলে হোস্টেল সুপারের মাধ্যমে কিচেন রুম থেকে সংগ্রহ করা যাবে।

২০। কোন কোন শিক্ষার্থীর ধারণা টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ফরম ফিলাপ করার পরে তাদেরকে কলেজের আইন-কানুন মানতে হবে না। এসময় কারণে অকারণে বাহিরে যাওয়ার প্রবণতা বেড়ে যায়। এ বিষয়ে পরিষ্কার নির্দেশনা হলো- হোস্টেলের রেজিস্ট্রেশন/ সিট বাতিল না করা পর্যন্ত হোস্টেলের সকল নিয়ম-কানুন মানতে হবে। এসময় কোন শিক্ষার্থী বিনা অনুমতিতে বাহিরে গেলে প্রতিবারের জন্য ৫০০/- টাকা করে জরিমানা দিতে বাধ্য থাকবে।

২১। এইচএসসি পরীক্ষা (লিখিত) শেষ হওয়ার পর দিনই হোস্টেল ত্যাগ করতে হবে। এইচএসসি লিখিত পরীক্ষা শেষ হওয়ার পর কোন ক্রমেই হোস্টেলে অবস্থান করা যাবে না।

২২। হোস্টেল ফি যথাসময়ে পরিশোধ করতে ব্যর্থ হলে পরের মাসে হোস্টেলের সিট বাতিল হবে। ১০০০/= টাকা পুন:ভর্তি ফি দিয়ে হোস্টেলের সিট নবায়ন করা যাবে।

২৩। কোন ডিভাইস চার্জ করার সুযোগ থাকবে না। যদি কারো কাছে চার্জার বা চার্জার সংশ্লিষ্ট যন্ত্রপাতি, পাওয়ার ব্যাংক পাওয়া যায় তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে ।

উপাধ্যক্ষ
হামদর্দ পাবলিক কলেজ, ঢাকা।

আহ্বায়ক
শৃঙ্খলা কমিটি
হামদর্দ পাবলিক কলেজ, ঢাকা।

অধ্যক্ষ
হামদর্দ পাবলিক কলেজ, ঢাকা।

উপরের শৃঙ্খলা সম্পর্কিত বিধি-বিধানসমূহ আমি পড়েছি এবং বিধি-বিধানসমূহ যথাযথভাবে পালন করব।
শৃঙ্খলা ভঙ্গজনিত কারণে কলেজ কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত গ্রহণ করবে তা পালনে আমি বাধ্য থাকব।

শিক্ষার্থীর নাম : ---

পিতার নাম: ---

মাতার নাম: ---

রোল নং: --------------------- বিভাগ: ------------------- হোস্টেলের নাম: ----------------------------

শিক্ষার্থীর স্বাক্ষর

অভিভাবকের স্বাক্ষর